

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd

ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯. ১১১

১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪৭ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪৭ তম সভা গত ২৭ মার্চ, ২০১৯ খ্রি: তারিখ, রোজ বুধবার অপরাহ্ন ১৪.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নায়ী উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ৪৬ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। গত ০৮/০১/২০১৯ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোচনা নম্বর ০২ এর সিদ্ধান্ত অনুযায়ী জিএসবি, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর প্রভৃতি সংস্থার কর্মকর্তাগণের জন্য উদ্ভাবন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন ৩১ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে আয়োজন করার কথা থাকলেও অনিবার্য কারণ বশতঃ তা স্থগিত করা হয় এবং দ্রুততম সময়ের মধ্যে উক্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ফেব্রুয়ারি, ২০১৯ মাসের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মোতাবেক কাজের স্বীকৃতি স্বরূপ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। জিএসবি'র ইনোভেশন কার্যক্রমের উপর ০১ দিনের অরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ইনোভেশন শোকেসিং এর জন্য জিএসবি'র বিভিন্ন বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পোস্টার/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ডিসপ্লে তৈরীর বিষয়ে আলোচনা কা হয়। বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির বিষয়ে আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. জিএসবি, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর প্রভৃতি সংস্থার প্রতিনিধিগণকে নিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা পূর্বক উক্ত প্রশিক্ষণ কর্মশালা দ্রুত আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে।


৩.২. কাজের স্বীকৃতি স্বরূপ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করা হবে।


৩.৩. মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন সাপেক্ষে এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে জিএসবি'র ইনোভেশন কার্যক্রমের উপর ০১ দিনের অরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার আয়োজন করা হবে।

৩.৪. ইনোভেশন শোকেসিং এর জন্য জিএসবি'র বিভিন্ন বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পোস্টার/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ডিসপ্লে প্রস্তুত করা হবে।

৩.৫. বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির জন্য ইনোভেশন টিমের সদস্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) প্রয়োজনীয় কার্যাদি আগামী ১৫ এপ্রিল, ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করবেন।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।




(সাইদুল হোসেন) ২৮.৩.১৯
পরিচালক (ভূতত্ত্ব)


সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি
ফোনঃ ৫৮৩১২২১৬৮
E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯. ৯১৯

তারিখ: ১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মঈন উদ্দিন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
- ৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
- ৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৯) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) নথিতে সংরক্ষণের জন্য।


(রাজিব কুমার সাহা) ২৮/০৬/২০১৯
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
সদস্যসচিব

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি
E-mail: rajibkumarsaha@hotmail.com